



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

2nd Term: Answer Work Sheet - 6

Class: 4



Subject: Bengali Grammar: (অনুচ্ছেদে)

Date: 22/07/2020

পরিবেশ দূষণ

পরিবেশ হল জীবজগতের চারপাশের আকাশ, বাতাস, জল, মাটি, আলো, তাপ ইত্যাদি এবং জড় বা সজীব বস্তু। এই পরিবেশ প্রধানত চারভাবে দূষিত হতে পারে। জলদূষণ, বায়ুদূষণ, মাটিদূষণ ও শব্দদূষণ। নদী বা জলাশয়ে শহরের কলকারখানার দূষিত বর্জ্য পদার্থ পড়ে জলকে দূষিত করে। কীটনাশক ঔষধ, আবর্জনা জলকে দূষিত করে। ঐ দূষিত জল পান করে মানুষ রোগে আক্রান্ত হচ্ছে। বাতাসে কিছু পোড়ালে কার্বন ডাই অক্সাইড বেড়ে যায়। ফলে মানুষ তথা জীবকূলের নানা রকম অসুখ হয়। বেশী খাদ্যশস্য উৎপাদনের জন্য মাটিতে রাসায়নিক সার ও ঔষধপত্র দেওয়া হয়, ফলে মাটি দূষিত হয়। শহরে শব্দদূষণ এক বিরাট সমস্যা। প্রতিদিন ভোর থেকে রাত পর্যন্ত গাড়ীর হর্ন, কারখানার আওয়াজ, বাজি-পটকার আওয়াজ, লাউডস্পীকারের উৎকট আওয়াজ এক অস্বস্তিকর পরিবেশের সৃষ্টি করে। এই পরিবেশকে বাঁচাতে আরো বেশী জনচেতনা হওয়া উচিত। আইন করে দূষণ রোধ করতে হবে। এই নৈতিক দায়িত্ব প্রতি সূনাগরিকের থাকার প্রয়োজন।

Manashi Chaudhuri